
# PS+YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্‌-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার










**সেল ফোন এবং অন্যান্য ইলেক্ট্রনিক সরঞ্জাম সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ সর্বসাম্প্রতিক তথ্য**

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

গত সপ্তাহে, আমাদের প্যানেল ফর এডুকেশন পলিসি চ্যান্সেলরের প্রবিধান A-413-এর একটি সংশোধন অনুমোদন করেছে। এই প্রবিধান সেল ফোন, স্মার্টওয়াচ, এবং ট্যাবলেট-এর মতো ব্যক্তিগত ইন্টারনেট-সংযুক্ত ইলেকট্রনিক ডিভাইসের ব্যবহার উল্লেখ করে। হালনাগাদকৃত নীতিটি আমাদেরকে একটি নতুন স্টেটের আইনের সাথে সামঞ্জস্য করে, যা "প্রথম ঘন্টা থেকে শেষ ঘন্টা" (বেল-টু-বেল) পর্যন্ত - অন্য কথায়, স্কুল দিনের শুরু থেকে শেষ পর্যন্ত এই ডিভাইসগুলোর ব্যবহার নিষিদ্ধ করে।

এখানে আসন্ন শিক্ষা বছরের আগে জেনে রাখার জন্য কিছু মুখ্য বিষয় দেয়া হলো:

- স্কুল চলাকালীন সময়ে শিক্ষার্থীরা এই ডিভাইসগুলো ব্যবহার করছে না, তা নিশ্চিত করতে সকল স্কুলকে অবশ্যই একটি নীতি তৈরি করতে হবে।
- প্রতিটি স্কুল তাদের জন্য যুক্তিসঙ্গত একটি ডিভাইস সংরক্ষণ পদ্ধতি বেছে নিতে পারে, যেমন পাউচ বা লকার, এবং এই পদ্ধতিগুলি বাস্তবায়নে সহায়তা করার জন্য স্কুলগুলো তহবিল পাবে।

- কিছু ক্ষেত্রে এই নীতিতে ব্যতিক্রম আছে, এতে অন্তর্ভুক্ত যখন চিকিৎসা, জরুরি পরিস্থিতি, অথবা সুনির্দিষ্ট শিক্ষাগত উদ্দেশ্যে ডিভাইস ব্যবহার করা হয়।
- যোগাযোগ সহজ করার লক্ষ্যে স্কুলগুলোকে অবশ্যই পরিবারের সাথে একটি সরাসরি ফোন নম্বর শেয়ার করতে হবে। পরিবারদেরকে জরুরি পরিস্থিতিতে তাদের সাথে যোগাযোগের তথ্য NYCSA-তে হালনাগাদ আছে নিশ্চিত করা উচিত।

আমি জানি অনেকের জন্য এটি একটি উল্লেখযোগ্য পরিবর্তন হবে, এবং আমি শিক্ষার্থী, কর্মী, এবং পরিবারদেরকে এবিষয়ে আরও জানতে schools.nyc.gov/DevicePolicy -দেখতে উৎসাহিত করছি। এছাড়াও আপনি নিচের হাইলাইট ভিডিওটিও দেখতে পারেন, যেখানে সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপ-এর চিফ মার্ক র‍্যাম্পারস্যান্ট-কে (Mark Rampersant) উপস্থাপন করা হয়েছে।

আমি প্রিন্সিপাল থাকাকালীন সময় আমার নিজের স্কুলে সেল ফোন ব্যবহার সীমিত করেছিলাম, এবং স্কুলের সংস্কৃতি ও শিক্ষার্থীর সাফল্যে বিঘ্নহীন ক্লাসরুমের প্রভাব দেখেছি। এবং আমার স্কুলটিই একা ছিল না—অন্যান্য স্কুলও একই রকম ফলাফল দেখছে। শুধু একটি শক্তিশালী উদাহরণের জন্য নিচে আমাদের চ্যান্সেলরের স্পটলাইটটি দেখুন।

আমি এই শিক্ষা বছর আমাদের শিক্ষার্থীদের মনোযোগ, শেখা, এবং বেড়ে ওঠতে সহায়তা করার জন্য একসাথে কাজ করার প্রত্যাশায় আছি।

অংশীদারিত্বে,
মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর


**চ্যান্সেলরের স্পটলাইট:**
বিগত শিক্ষা বছর, আরবান অ্যাসেম্বলি গেটওয়ে স্কুল ফর টেকনোলজি প্রতিদিন সকালে মোবাইল ফোন জমা নেয়া শুরু করে। এই পরিবর্তন আনার পর থেকে স্কুলের নেতৃবৃন্দ বিবিধ প্রভাব লক্ষ্য করেছেন।

প্রিন্সিপাল ক্রিস্টিনা ডিভোরাকভস্কায়া (Kristina Dvorakovskaya) বলেছেন, "প্রথম সপ্তাহের মধ্যেই, শিক্ষকগণ জানিয়েছেন যে ফোনের কারণে বিঘ্নতা না থাকার ফলে তারা গত বছর ব্যবহৃত পাঠ্যগুলো 5-10 মিনিট আগে শেষ করছেন, কারণ ফোনের বাধার অভাব এবং বর্ধিত ব্যস্ততা।"

তিনি অন্যান্য বিন্যাসেও বিভিন্ন পরিবর্তন লক্ষ্য করেছেন: “ক্যাফেটেরিয়াটিকে আসলেই একটি হাই স্কুলের মতো অনুভূত হয়েছে! শিক্ষার্থীরা টেবিলে বসে একে অপরের সাথে কথা বলছিল। মাঠে খেলাধুলারত শিক্ষার্থীদের দ্বারা ভরপুর ছিল।"

সামগ্রিক অভিজ্ঞতার প্রতিফলন করে প্রিন্সিপাল ডিভোরাকভস্কায়া (Dvorakovskaya) বলেন, "আমাদের ক্লাসগুলোতে সম্পৃক্ততা এবং আলোচনা গভীরতর করার জন্য ঠিক এটিই প্রয়োজন ছিল...[এবং] আমাদের প্রকৃত সম্পর্ক গড়ে তোলার জন্য আমাদের কমিউনিটির ঠিক এটিই প্রয়োজন ছিল।"

**আমাদের হাইলাইট ভিডিও:**



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- জুলাই ছিল ডিস্যাবিলিটি প্রাইড মাস! আরও জানতে এবং বিভিন্ন তথ্য-সংস্থান পেতে, এখানে ক্লিক করুন।
- বিভিন্ন সংবাদ এবং তথ্য-সংস্থানের জন্য, দ্যা মর্নিং বেল দেখুন অথবা অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।